

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. প্রথম অনুচ্ছেদ - সফরের সালাত

بَابُ صَلَاةِ السَّفَرِ

আরবী

وَعَنْ حَارِثَةَ بْنِ وَهْبٍ الْخُزَاعِيِّ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ أَكْثَرُ مَا كُنَّا قَطُّ وآمنه بمنا رَكْعَتَيْن

বাংলা

১৩৩৪-[২] হারিসাহ্ ইবনু ওয়াহ্ব আল খুযা'ঈ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সাথে নিয়ে 'মিনায়' দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন। এ সময় আমরা সংখ্যায় এত বেশী ছিলাম যা এর আগে কখনো ছিলাম না এবং নিরাপদ ছিলাম। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৬৫৬, মুসলিম ৬৯৬, শারহুস্ সুন্নাহ্ ১০২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে সফরে ভয়ের আশংকা ছাড়া ও সালাত (সালাত/নামায/নামাজ) ক্বসর করার দলীল রয়েছে, এ বর্ণনাটি তাদের বিরুদ্ধে যাচ্ছে যারা মনে করেন যে, ক্বসর করা ভয়ের সাথে নির্দিষ্ট এবং এ হাদীসটি ইবনু 'আব্বাস-এর বর্ণিত হাদীসের সাক্ষী, ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনাহ্ হতে মক্কার দিকে রওনা হলেন, এক আল্লাহ ব্যতীত কোন ভয় ছিল না, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সেখানে দু' রাক্'আত ক্বসর হিসেবে আদায় করলেন। আর যারা বলেন যে, নিশ্চয় ক্বসর ভয়ের সাথে নির্দিষ্ট তারা দলীল গ্রহণ করেছেন আল্লাহ তা'আলার এ কথা দ্বারা

وَإِذَا ضَرَبْتُمْ فِي الْأَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أَنْ يَفْتِنَكُمُ الَّذِيْنَ كَفَرُواْ



"যখন তোমরা দেশে-বিদেশে সফর কর, তখন সালাত ক্বসর করাতে তোমাদের কিছুমাত্র দোষ নেই, যদি তোমরা ভয় কর যে, কাফিরগণ তোমাদেরকে বিপদগ্রস্ত করবে"- (সূরাহ্ আন্ নিসা ৪ : ১০)। তবে তাদের এ উপলব্ধি জমহূর 'উলামাগণ গ্রহণ করেনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন